

বাংলাদেশ মাদ্রাসাশিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-৩৪/১১৩

তারিখ:

২১ বৈশাখ ১৪৩৩

০৪ মে ২০২৬

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-নং-বামাশিবো/প্রশা/উলিপুর-৩৪/৮৯; তারিখ: ০৮/০৩/২০২৬ খ্রি.

২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৭.৪৯৯৪.০০০.০৩.০১৩.২০- ৪৩৭; তারিখ: ১৩/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন মাটিয়াল আল মোজাদ্দেদিয়া দ্বিনী দাখিল মাদ্রাসার (ইআইআইএন-১২২৬৭৮) ভারপ্রাপ্ত সুপার এবং এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে তথ্য গোপন অথবা ভূঁয়া বা জাল তথ্য প্রদান করে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন নিয়েছেন মর্মে অভিভাবক সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম ভূট্টো একটি অভিযোগ করেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম কে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারীর অভিযোগের সত্যতা প্রমানিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমানিত হওয়ায় এডহক কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১। সভাপতি

মাটিয়াল আল মোজাদ্দেদিয়া দ্বিনী দাখিল মাদ্রাসা
ডাকঘর: মাটিয়াল, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার

মাটিয়াল আল মোজাদ্দেদিয়া দ্বিনী দাখিল মাদ্রাসা
ডাকঘর: মাটিয়াল, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম-৩৪/১১৩/১৭


তারিখ:

২১ বৈশাখ ১৪৩৩


০৪ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


৪.৩.২৬
প্রফেসর হাফেজ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩
০৪ মে ২০২৬


মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd